বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
**প্রধান কার্যালয়**
ঢাকা
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-৩৭

তারিখ ঃ ১২ অক্টোবর ২০২২ / ২৭ আশ্বিন ১৪২৮

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের লাইসেন্স/পারমিট/অনাপত্তি/পূর্বানুমতি ব্যতিত মাদকদ্রব্য আমদানির জন্য লেটার অফ ক্রেডিট (এলসি) ইস্যু না করা প্রসঙ্গে।**

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, কেন্দ্রীয় ব্যাংক শাখা হতে ইস্যুকৃত ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখের স্মারক নম্বর-৫৩.০০.০০০০.৩১১.৯৯.০০৪.২০.২০৩ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ, মাদক-১ শাখা হতে ইস্যুকৃত ২১ সেপ্টেম্বর ২০২২ তারিখের স্মারক নম্বর-৫৮.০০.০০০০.০৬১.৩১.০০২.২২.২১২ (কপি সংযুক্ত) আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হুবহু পুনর্মুদ্রণ করা হলো।

০২। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার পত্রের বিষয়বস্তু অবহিত করবেন।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোনঃ ৯৫৩০১২৩
mds.hossain@bb.org.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
কেন্দ্রীয় ব্যাংক শাখা
www.fid.gov.bd

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৩১১.৯৯.০০৪.২০.২০৩

তারিখ: ১১ আশ্বিন ১৪২৯
২৬ সেপ্টেম্বর ২০২২

বিষয়: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের লাইসেন্স/পারমিট/অনাপত্তি/পূর্বানুমতি ব্যতিত মাদকদ্রব্য আমদানির জন্য লেটার অফ ক্রেডিট (এলসি) ইস্যু না করা।

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৬১.৩১.০০২.২২.২১২ তারিখ: ২১.০৯.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রাপ্ত সূত্রস্থ পত্রটির (সংলগ্নীসহ) ছায়ালিপি প্রেরণপূর্বক বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২৬-৯-২০২২
মোঃ জেহাদ উদ্দিন
উপসচিব
ফোন: ৫৫১০১১৫৬
ইমেইল: ds.cb@fid.gov.bd

গভর্নর
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৩১১.৯৯.০০৪.২০.২০৩/১

তারিখ: ১১ আশ্বিন ১৪২৯
২৬ সেপ্টেম্বর ২০২২

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৬-৯-২০২২
মোঃ জেহাদ উদ্দিন
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
মাদক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৬১.৩১.০০২.২২.২১২

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের লাইসেন্স/পারমিট/অনাপত্তি/পূর্বানুমতি ব্যতিত মাদকদ্রব্য আমদানির জন্য লেটার অফ ক্রেডিট (এলসি) ইস্যু না করা।**

সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের স্মারক নং-৫৮.০২.০০০০.০০৮.৩৩.০০২.২০.৮৪৬; তারিখ: ০৫/০৯/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (সংশোধিত-২০২০) এর ১ম তফশিলে "ক" "খ" ও "গ" শ্রেণির মাদকদ্রব্যসমূহ অন্তর্ভুক্ত রয়েছে। বর্ণিত আইনের ৯, ১০ ও ১১ ধারা অনুযায়ী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের লাইসেন্স ব্যতিত তফশিলে বর্ণিত মাদকদ্রব্যসমূহ আমদানি, সংরক্ষণ, ব্যবহার, গুদামজাতকরণ, সরবরাহ, বিপণন, ক্রয়, বিক্রয়, উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ, বহন, পরিবহন ও স্থানান্তরের কোনো সুযোগ নেই। কিছু অসাধু ব্যক্তি ও প্রতিষ্ঠান অধিদপ্তরের লাইসেন্স ব্যতিত বিভিন্ন ব্যাংক হতে ইস্যুকৃত লেটার অফ ক্রেডিট (এলসি) এর মাধ্যমে আইনের তপশিলভুক্ত মাদকদ্রব্য বিদেশ থেকে আমদানি করে বাজারজাত করছে। এতে সরকার বিপুল পরিমাণ রাজস্ব আয় হতে বঞ্চিত হচ্ছে। অপরদিকে আমদানিকৃত মাদকদ্রব্যসমূহের বিভিন্নভাবে অপব্যবহার হচ্ছে।

০২। বর্ণিতাবস্থায়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (সংশোধিত-২০২০) এর ৯, ১০ ও ১১ ধারা অনুযায়ী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের লাইসেন্স/পারমিট/অনাপত্তি/পূর্বানুমতি ব্যতিত বর্ণিত আইনে অন্তর্ভুক্ত "ক" "খ" ও "গ" শ্রেণির মাদকদ্রব্যসমূহ স্থল, আকাশ বা সমুদ্রপথে আমদানির নিমিত্ত কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে তফসিলী ব্যাংক হতে এলসি ইস্যু না করার বিষয়ে বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে দেশের সকল তফসিলী ব্যাংকসমূহ-কে নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১-৯-২০২২
মুহাম্মদ আবদুর রউফ মিয়া
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +৮৮০২-২২৩৩৫৩২২৯
ফ্যাক্স: ৯৫৭৪৪৯৯
ইমেইল: nc1@ssd.gov.bd

সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৬১.৩১.০০২.২২.২১২/১(৪)

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১ সেগুন বাগিচা, ঢাকা।

২) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।